

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
সাধারণ অধিশাখা-১
www.plandiv.gov.bd

নং- ২০.০০.০০০০.৩২১.১৬.০০৮.২০-৭০

তারিখ: ০৬ ফাল্গুন ১৪৩২
১৯ ফেব্রুয়ারি ২০২৬

বিষয়: এ ও সি শ্রেণির বরাদ্দযোগ্য/খালি বাসা বরাদ্দের জন্য আবেদন আহ্বান।

পরিকল্পনা বিভাগের কোটাভুক্ত এ-শ্রেণি ০১ (এক)টি এবং পরিকল্পনা বিভাগ/কমিশনে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের জন্য নির্মিত আবাসিক ভবন সি-শ্রেণি ০৪ (চার)টি সহ সর্বমোট ০৫ (পাঁচ)টি বরাদ্দযোগ্য/খালি বাসা বরাদ্দ প্রদান করা হবে। বরাদ্দ প্রত্যাশীগণকে গ্রেড ও মূল বেতনের ভিত্তিতে প্রাপ্যতানুযায়ী বর্ণিত শর্তাবলি অনুসরণ করে সাধারণ অধিশাখা-১ এবং পরিকল্পনা বিভাগের ওয়েবসাইট (<https://plandiv.gov.bd>) থেকে প্রাপ্ত আবেদন ফরম যথাযথভাবে পূরণ করে আগামী ১২ মার্চ ২০২৬ তারিখের মধ্যে আবেদন দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বরাদ্দ প্রাপ্তির যোগ্যতাঃ

ক) পরিকল্পনা বিভাগ/কমিশনে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের জন্য নির্মিত আবাসিক ভবন:

ক্রমিক নং	বাসার শ্রেণি	প্রাপ্যতা	
		কর্মচারীর গ্রেড	সর্বনিম্ন মূল বেতন
১	বি-শ্রেণি	১৬-২০	১১,২৫০/-
২	সি-শ্রেণি	১০-১৬	১৩,০৫০/-

খ) পরিকল্পনা বিভাগের কোটাভুক্ত বাসা:

ক্রমিক নং	বাসার শ্রেণি	প্রাপ্যতা	
		কর্মচারীর গ্রেড	সর্বনিম্ন মূল বেতন
১	এ-শ্রেণি	১৮-২০	৮,২৫০/-
২	বি-শ্রেণি	১৬-১৮	১১,২৫০/-
৩	সি-২ শ্রেণি	১৪-১৬	১১,৮৯০/-
৪	সি-১ শ্রেণি	১২-১৪	১৩,০৫০/-

পরিকল্পনা বিভাগের কোটাভুক্ত এ-শ্রেণি এবং পরিকল্পনা বিভাগ/কমিশনে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের জন্য নির্মিত আবাসিক ভবনে সি-শ্রেণির এলাকা ভিত্তিক বরাদ্দযোগ্য/খালি বাসার তালিকাঃ

০১। পরিকল্পনা বিভাগের কোটাভুক্ত বাসা:

এলাকার নাম	শ্রেণি	কলোনীর নাম	ভবনের নাম/নম্বর	ফ্ল্যাট নম্বর	সংখ্যা
খিলগাঁও	এ-শ্রেণি	খিলগাঁও সরকারী স্টাফ কোয়ার্টার	৬/১৬	৬/১৬	০১টি

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

০০১৬


ফুসফুস

০২। পরিকল্পনা বিভাগ/কমিশনে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের জন্য নির্মিত আবাসিক ভবন:

এলাকার নাম	শ্রেণি	কলোনীর নাম	ভবনের নাম/নম্বর	ফ্ল্যাট নম্বর	সংখ্যা
আগারগাঁও তালতলা	সি-শ্রেণি	পরিকল্পনা বিভাগ/কমিশনে কর্মরত কর্মকর্তা- কর্মচারীদের জন্য নির্মিত আবাসিক ভবন	কামিনী ভবন	৩০১,৮০১,৮০২,১২০৩	০৪টি

শর্তাবলীঃ

১. Bangladesh Allocation Rules, 1982 এবং পরিকল্পনা বিভাগ ও পরিকল্পনা কমিশনের কর্মকর্তা-কর্মচারী আবাসন নীতিমালা ২০১৯ অনুসারে বরাদ্দের প্রাধিকার ও জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;
২. কেবল পরিকল্পনা বিভাগের সাধারণ অধিশাখা-১ এবং পরিকল্পনা বিভাগের ওয়েবসাইট (<https://plandiv.gov.bd>) হতে প্রদত্ত বাসা বরাদ্দের আবেদন পত্র সংগ্রহ করে উক্ত ফরমে আবেদন করতে হবে এবং অসম্পূর্ণভাবে পূরণকৃত আবেদন গৃহীত হবে না;
৩. প্রয়োজনীয়ক্ষেত্রে আবেদনে বর্ণিত তথ্যাবলির উপযুক্ত প্রমাণক দাখিল করতে হবে;
৪. তথ্য গোপন করে দাখিলকৃত আবেদনের প্রেক্ষিতে ইস্যুকৃত বরাদ্দপত্র Bangladesh Allocation Rules, 1982 এবং পরিকল্পনা বিভাগ ও পরিকল্পনা কমিশনের কর্মকর্তা-কর্মচারী আবাসন নীতিমালা ২০১৯ এর সাথে সাংঘর্ষিক হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে বরাদ্দপত্র প্রত্যাহার অথবা বাতিলের এখতিয়ার এ পরিকল্পনা বিভাগ সংরক্ষণ করে;
৫. বাসার যথাযথ ঠিকানা উল্লেখপূর্বক একজন আবেদনকারী যে কোন ০১ (এক)টি বাসার বিপরীতে আবেদন করতে পারবেন;
৬. কোন আবেদনকারী ইতোপূর্বে বরাদ্দ প্রাপ্তির পর ০১ (এক) বছরের মধ্যে পুনরায় অন্য কোন বাসা বরাদ্দ/বদলি বরাদ্দের আবেদন করতে পারবে না;
৭. বাসা খালি থাকলে বরাদ্দ আদেশ প্রাপ্তির ০১ (এক) মাসের মধ্যে বাসার দখল না নিলে তার বরাদ্দ স্বয়ংক্রিয়ভাবে কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে;
৮. ১২ মার্চ ২০২৬ তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার পরে প্রাপ্ত আবেদন আসন্ন বাসা বরাদ্দ কমিটির সভায় বিবেচিত হবে না।


(মোহাম্মদ ফুরকান উদ্দিন ভূইয়া)
সহকারী সচিব
ফোন: ৯১৮০৯৯০

বিভরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (সকল), পরিকল্পনা বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা;
২. প্রধান (সকল), পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা;
৩. যুগ্মসচিব (সকল), পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা;
৪. যুগ্ম-প্রধান (সকল), পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা;
৫. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা;
৬. মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা;
৭. সিনিয়র সিস্টেম এনালিস্ট, পরিকল্পনা বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা (পরিকল্পনা বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ);
৮. সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা;
৯. সদস্য মহোদয়ের একান্ত সচিব (কৃষি/ভৌত/সাংস্কৃতিক/অর্থনীতি/আর্থ-সামাজিক/কার্যক্রম/শিল্প ও শক্তি বিভাগ), পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর ঢাকা;
১০. লাইব্রেরী অফিসার, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা;
১১. হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা;
১২. নোটিশ বোর্ড;
১৩. সংশ্লিষ্ট নথি।